

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৬১

বিশ্রামগঞ্জ, ১০ নভেম্বর, ২০২৪

সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসব

উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে গতকাল বিশ্রামগঞ্জের শচীন দেববর্মা স্মৃতি কলাক্ষেত্রে সিপাহীজলা জেলাভিত্তিক যুব উৎসব এবং বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়। জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান মেলার উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাপতি সুপ্রিয়া দাস দত্ত। অনুষ্ঠানে সভাপতি যুব উৎসবের তাৎপর্য তুলে ধরে বলেন, দেশ ও সমাজ গঠনে যুব সমাজের ভূমিকা উল্লেখযোগ্য। রাজ্যের বর্তমান সরকার বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরাকে আত্মনির্ভর করে তোলার জন্য উদ্যোগ নিয়েছে। এই ক্ষেত্রে যুব সমাজকে ইতিবাচক ভূমিকা নিয়ে এগিয়ে আসতে হবে। যুবক-যুবতীরা যাতে আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে উঠতে পারে সেই জন্য কেন্দ্র ও রাজ্য সরকার নানা প্রকল্প চালু করেছে। সম্মানিত অতিথির ভাষণে বিধায়ক কিশোর বর্মা দেশ গড়ার কাজে বলিষ্ঠ ভূমিকা নেওয়ার জন্য যুবক-যুবতীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, যুব সমাজ হচ্ছে দেশের চালিকা শক্তি। যুব সমাজকে বাদ দিয়ে কোন কাজ করাই সম্ভব নয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপঅধিকর্তা সমীর দেববর্মা। অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক সুব্রত মজুমদার, রিঙ্কু লাঠের, বিশালগড়ের বিডিও দ্বিজ গোয়েল প্রমুখ।

যুব উৎসব উপলক্ষে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে বিভিন্ন পদশনী মন্ডপ খোলা হয়। জেলাভিত্তিক যুব উৎসবে বিভিন্ন বিভাগে একক ও দলীয়ভাবে যারা প্রথম হয়েছে তারা রাজ্যভিত্তিক যুব উৎসবে অংশ নেবে। এছাড়া বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে গতকাল বিশ্রামগঞ্জ দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত হয়। জেলার ৬৩টি বিদ্যালয় এই মেলায় অংশ গ্রহণ করে।

\*\*\*\*\*